4.11-4.13


বিসমিল্লাহির রাহমানির রাহীম

মোবাঃ 01916-716245
01778-014001

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং- ২৭
স্থাপিত : ২০১১ইং
কাউন্সিলর : হাজী মোঃ সিরাজুল ইসলাম


সূত্রঃ-

তারিখঃ ২০/০৬/২০২৩খ্রি.।

## <u>সভার নোটিশ</u>

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা-২০২২ মোতাবেক গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৭/০৬/২০২৩খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় সম্মানীত ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাযসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সিরাজুল ইসলাম)
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ২৭ নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার (১ম সভা) কার্য বিবরনী**

সভাপতি ঃ জনাব মোঃ সিরাজুল ইসলাম
কাউন্সিলর, ওয়ার্ড নং- ২৭
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

ওয়ার্ড নং ঃ ২৭

সভার তারিখ ঃ ২৭/০৬/২০২৩ ইং

সভার সময় ঃ সকাল ১০.০০ ঘটিকায়

সভার সভার স্থান ঃ ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়।

## সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত ঃ

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও ২৭ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সিরাজুল ইসলাম কমিটির সদস্য সচিব জনাব ওমর ফারুককে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

আলোচ্যসূচী- ১: গত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।

| আলোচ্যসূচী | কার্যবিবরনী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ওমর ফারুক পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী-২: নাগরিক চাহিদা প্রসঙ্গে।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| নাগরিক চাহিদা | WLCC'র সদস্য-সচিব জনাব ওমর ফারুক বলেন যে, ২৭ নং ওয়ার্ডে মুরাদপুর কমিউনিটি ক্লিনিক হইতে মুরাদপুর খাল পযর্ন্ত রাস্তা নির্মান। | ২৭নং ওর্য়াডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আলোচ্যসূচী-৩: বিশুদ্ধ পানি সরবরাহ নিয়ে আলোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা |
|---|---|---|---|
| বিশুদ্ধ পানি সরবরাহ নিয়ে আলোচনা। | WLCC'র সদস্য জনাব মোসাঃ বিউটি আক্তার বলেন যে, ২৭নং ওয়ার্ডে পানির খুবই সমস্যা ওয়াসা থেকে যে পানি পাওয়া যায় তা খুবই নোংরা ও দুর্গন্ধ। তিনি আরও জানান ওয়াসার বিল তারা নিয়মিত পরিশোধ করে যাচ্ছেন কিন্তু চাহিদা মোতাবেক পানি পাচ্ছেন না। তাই তিনি এই | সুপারিশটি সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

| | | | |
|---|---|---|---|
| | ওয়াসাকে সিটি কর্পোরেশনের আওতাধীন পরিচালনার জোড় দাবী জানান। | | |

আলোচ্যসূচী-৪: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য সচিব ওমর ফারুক সভাকে অবহিত করেন যে, আমাদের এই ওয়ার্ডে ২৭নং মোট ৬০.২৫% পৌরকর আদায় হয়েছে। সিটি গর্ভানেন্স প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশন সহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রাজস্ব বিভাগ ও WLCC-এনসিসি |

আলোচ্যসূচী-৫:বিবিধ।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | জনাব মোঃ মতিন বলেন যে, ২৭নং ওয়ার্ডে দিন দিন কুকুরের উপদ্রব বেড়েই চলেছে। তাই তিনি এই ওয়ার্ডে কুকুর নিধনের অনুরোধ জানান। | কুকুর নিধনের ব্যাপারে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে। কিন্তু কুকুর যাতে বংশবিস্তার না করতে পারে তার জন্য কুকুরকে একটি ভ্যাকসিন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচ্ছন্ন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সিরাজুল ইসলাম)

চেয়ারপার্সন, ২৭নং WLCC

ও

কাউন্সিলর, ২৭নং ওয়ার্ড

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

মোবাইল ঃ ০১৯১৬-৭১৬২৪৫

# সংযোজনী-ক

## ২৭ নং ওয়ার্ডের WLCC কমিটি'র সভায় সদস্যদের হাজিরা তালিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | চেয়ারপার্সন | ২৭/৬/২৩ |
| ০২ | জনাব সানিয়া আক্তার | কো-চেয়ারপার্সন | |
| ০৩ | জনাব মোঃ হাবিবুর রহমান | সদস্য | হাবিবুর |
| ০৪ | জনাব মোঃ শহীদ | সদস্য | Shahid |
| ০৫ | জনাব মোঃ মতিন | সদস্য | |
| ০৬ | হাজী লিয়াকত আলী | সদস্য | |
| ০৭ | জনাব আউয়াল গাজী | সদস্য | ২৭-০৬-২৩ |
| ০৮ | জনাব আনার ইসলাম | সদস্য | Anwar Islam 27/06/23 |
| ০৯ | জনাব মোঃ মনিরুল ইসলাম | সদস্য | |
| ১০ | জনাব মোঃ কামাল হোসেন | সদস্য | কামাল ২৭/০৬/২৩ |

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১ | জনাব খলিলুর রহমান | সদস্য | |
| ১২ | জনাব মোঃ আসাদুজ্জামান বাদল | সদস্য | |
| ১৩ | জনাব মেহেদী হাসান | সদস্য | |
| ১৪ | জনাব বিউটি আক্তার | সদস্য | |
| ১৫ | জনাব আজগারিয়া বেগম | সদস্য | |
| ১৬ | জনাব মোঃ ওসমান গনি ভুইয়া | সদস্য | |
| ১৭ | জনাব দ্বীন ইসলাম | সদস্য | |
| ১৮ | জনাব ওমর ফারুক | সদস্য-সচিব | |